"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শাখা: কারিগরি-১
পরিবহন পুল ভবন, ঢাকা।
www.moedu.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৯.০০৩.১৫ (অংশ-১)-৬৭০

তারিখ: ২৮ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ
১২ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট এর জুনিয়র ইন্সট্রাক্টর (সিভিল) জনাব মো: নুরুন্নবী বিগত ০৪/০৫/২০০৮ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এহেন অননুমোদিত অনুপস্থিতির জন্য শিক্ষা মন্ত্রণালয়ের ৩১/১২/২০১৫ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭৬.০৯.০০৩.১৫-৯২০(ক) সংখ্যক স্মারকের মাধ্যমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) মোতাবেক 'অসদাচরণ' এবং ৩ (সি) মোতাবেক 'ডিজারশন' এর অভিযোগে তার নিকট অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। এ পর্যায়ে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী অজারিকৃত অবস্থায় ফেরত আসে। রুজুকৃত বিভাগীয় মোকদ্দমাটির ধারাবাহিক কার্যক্রমের এ পর্যায়ে সংশ্লিষ্ট বিধিমালা অনুযায়ী তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

০২। তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট সকল রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব মো: নুরুন্নবী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) মোতাবেক 'অসদাচরণ' এবং ৩ (সি) মোতাবেক 'ডিজারশন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৭ (৬) এর আলোকে গুরুদণ্ডের আওতায় কেন তাকে বিগত ০৪/০৫/২০০৮ তারিখ হতে "চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service)" করা হবে না সে বিষয়ে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জবাব দাখিলের জন্য দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে এডির মাধ্যমে প্রেরণ করা হলে বর্তমান সংবলিত খামে 'প্রাপক দীর্ঘদিন পর্যন্ত চাকরি করেনা তাই ফেরত' মর্মে ফেরত আসে কিন্তু স্থায়ী ঠিকানায় প্রেরিত খামটি অদ্যাবধি ফেরত আসেনি। রুজুকৃত বিভাগীয় মোকদ্দমার ধারাবাহিক কার্যক্রমের এ পর্যায়ে উপর্যুক্ত বিধিমালার বিধি ৪(৩) (ডি) অনুযায়ী গুরুদণ্ডের আওতায় জনাব মো: নুরুন্নবী কে বিগত ০৪/০৫/২০০৮ তারিখ হতে "চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service)" করার বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের পরামর্শ গ্রহণ করা হয়। কমিশন সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর উপবিধি ৪(৩) (ডি) মোতাবেক অভিযুক্ত জনাব মো: নুরুন্নবী কে "চাকরি থেকে বরখাস্তকরণে (Dismissal from Service)" কর্তৃপক্ষের প্রস্তাবের সাথে একমত পোষণ করে।

০৩। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের মতামত এবং তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট সকল রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব মো: নুরুন্নবী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর উপবিধি ৩ (বি) মোতাবেক 'অসদাচরণ' এবং ৩ (সি) মোতাবেক 'ডিজারশন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে উক্ত বিধিমালার উপবিধি ৪ (৩) (ডি) অনুযায়ী গুরুদণ্ডের আওতায় বিগত ০৪/০৫/২০০৮ তারিখ হতে "চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service)" করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

০৪। এমতাবস্থায়, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর উপবিধি ৪ (৩) (ডি) অনুযায়ী কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট এর জুনিয়র ইন্সট্রাক্টর (সিভিল) জনাব মো: নুরুন্নবী কে (জুনিয়র ইন্সট্রাক্টর-সিভিল, বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট) বিগত ০৪/০৫/২০০৮ তারিখ হতে "চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service)" করা হলো।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ আলমগীর)
সচিব

উপ-নিয়ন্ত্রক,
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

D:\Haider\Sec-15\Letter-2014.doc

অতি জরুরি

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৯.০০৩.১৫ (অংশ-১)-৬৭০

তারিখ ঃ ২৮ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ
১২ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

১. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা **(জনাব মোঃ নুরুন্নবী এর ব্যক্তিগত নথিতে/ ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)**।
৩. অধ্যক্ষ, বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট, বরিশাল।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
৫. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
**(এ আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)**
৬. জনাব মোঃ নুরুন্নবী, জুনিয়র ইন্সট্রাক্টর (সিভিল), বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট, বরিশাল।

১২/৭/১৭
(মোছাঃ নাজনীন সুলতানা)
উপসচিব
ফোনঃ ৯৫ ৮৪ ৬৬৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
ওয়েব সাইটঃ **www.techedu.gov.bd**
ই-মেইলঃ **techedu09@gmail.com**

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১১.২৭.০৫২.২০১৫-৪০১ তারিখঃ ৩১/০৭/২০১৭ খ্রিঃ।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৬.০৯.০০৩.১৫(অংশ-১)-৬৭০,তারিখঃ ১২/০৭/২০১৭ খ্রিঃ এর প্রজ্ঞাপনের ছায়ালিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হ'ল।

১। অধ্যক্ষ,বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট।
২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়,বরিশালবিভাগ।
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আই সি টি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
(পত্রখানা ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪। জনাব মোঃ নুরুন্নবী, জুনিয়র ইন্সট্রাক্টর (সিভিল), বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট।
৫। পি এ টু ডিজি (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)। কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৬। সংরক্ষণ নথি।

৩১/০৭/১৭
(মোঃ আব্দুল ওয়াদুদ মন্ডল)
সহকারী পরিচালক-২